এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)


# ভূগোল ও পরিবেশ

বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶





ক. ১° দ্রাঘিমা সমান কত মিটার? ১

খ. বাসন্ত বিষুব বলতে কী বুঝায়? ২

গ. চিত্রে উল্লেখিত 'X' চিহ্নিত রেখাগুলো নির্ণয়ের সাথে সেক্সট্যান্ট যন্ত্রের সম্পর্ক ব্যাখ্যা করো। ৩

ঘ. চিত্রে নির্দেশিত 'Y' চিহ্নিত রেখাগুলোর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২. ▶



চিত্র- ১ চিত্র- ২

ক. মানচিত্রকে সাধারণত কয়ভাগে ভাগ করা যায়? ১


খ. প্রমাণ সময় বলতে কী বুঝায়? ২

গ. চিত্রে নির্দেশিত ১ নং চিত্রটি কোন মানচিত্রের মাধ্যমে প্রকাশ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. আমাদের জীবনে চিত্র- ২ এর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

৩. ▶




চিত্র: আগ্নেয়গিরি

ক. ভূ-ত্বক যে সকল উপাদান দ্বারা গঠিত তাদের কী বলা হয়? ১

খ. বহিঃজ আগ্নেয় শিলা বলতে কী বুঝায়? ২

গ. চিত্রে নির্দেশিত 'ক' ও 'খ' দ্বারা কী বুঝানো হয়েছে? উক্ত পদার্থ নির্গত হওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত পদার্থ নির্গত হওয়ার ফলাফল বিশ্লেষণ করো। ৪

৪. ▶ তুহিন নদীপথে মামার বাড়ি যাবার সময় দেখল নদীতে পানি খুবই কম। পরে সে যখন নদীর পাড়ে ঘুরতে গেল তখন দেখল পানিতে নদী থৈ থৈ করছে।


ক. চারিদিকে স্থলভাগ দ্বারা বেষ্টিত জলভাগকে কী বলে? ১

খ. উষ্ণ সমুদ্র স্রোতের প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. মানব জীবনে উক্ত ঘটনার প্রভাব বিশ্লেষণ করো। ৪

৫. ▶




চিত্র: বায়ুমণ্ডলের স্তরবিন্যাস

ক. বায়ুর আদ্রতা কয়টি ভাবে প্রকাশ করা যায়? ১

http://teachingbd.com

খ. পরিচলন বৃষ্টিপাত কীভাবে সংঘটিত হয়? ২
গ. চিত্রে নির্দেশিত 'ক' স্তরটি আবহাওয়া ও জলবায়ুর জন্য গুরুত্বপূর্ণ হওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. চিত্রে নির্দেশিত 'ক' ও 'খ' স্তর দুটির মধ্যে কোনটি পৃথিবীকে জীব জগতের বাস উপযোগী করেছে? বিশ্লেষণ করো। ৪

৬.▶ রাজু ভূগোল ক্লাসে এক ভিডিও দেখল সমুদ্রের তীরবর্তী স্থলভাগ হঠাৎ খাড়া ঢাল হয়ে নিচের দিকে নেমে গিয়েছে আবার সমুদ্রের তলদেশে বেশ কিছু গভীর খাতও রয়েছে।

ক. পৃথিবীর বৃহত্তম মহাসাগর কোনটি? ১
খ. সমুদ্রে কীভাবে অগভীর মগ্নচড়ার সৃষ্টি হয়? ২
গ. রাজুর দেখা খাড়া ঢালের বর্ণনা দাও। ৩
ঘ. রাজুর দেখা খাত গুলো সমুদ্র তলদেশের কোন অংশে পরিলক্ষিত হয়? বিশ্লেষণ করো। ৪

৭.▶

| বন ভূমি | বৃক্ষ সমূহ |
|---|---|
| ক | গজারি, কড়ই |
| খ | গরান, গোলপাতা |

ক. বনভূমি থেকে যে সম্পদ উৎপাদিত হয় বা পাওয়া যায় তাকে কী বলে? ১
খ. পাট উষ্ণ অঞ্চলের ফসল কেন? ব্যাখ্যা করো। ২
গ. ছকে উল্লেখিত 'ক' চিহ্নিত বনভূমির বর্ণনা দাও। ৩
ঘ. "ছকে 'খ' চিহ্নিত বনভূমিটি পর্যটন শিল্পের অপার সম্ভাবনাময় স্থান" —উক্তিটির সাথে তুমি কী একমত? তোমার মতামত দাও। ৪

৮.▶ ভূগোল শিক্ষক শ্রেণিকক্ষে বাংলাদেশের জনসংখ্যা বিষয়টি পড়াতে গিয়ে শিক্ষার্থীদের বলেন এদেশে আয়তনের তুলনায় জনসংখ্যা অনেক বেশি। অতিরিক্ত জনসংখ্যা দেশের অর্থনৈতিক উন্নয়নে বাধাস্বরূপ। তিনি আরও বললেন, জনসংখ্যার কারণে প্রাকৃতিক সামাজিক ও অর্থনৈতিক প্রভৃতি ক্ষেত্রে মারাত্মকভাবে সমস্যা দেখা দিচ্ছে।

ক. ১৯৫০ সালে ২০১০ খ্রিস্টাব্দ পর্যন্ত কোন পর্যায় ধরা হয়? ১
খ. নির্ভরশীল জনসংখ্যা বলতে কী বুঝায়? ২
গ. ভূগোল শিক্ষকের মতে বাংলাদেশে অধিক জনসংখ্যার ফলে কোন কোন ক্ষেত্রে প্রভাব পড়ছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের জনসংখ্যা সমস্যা সমাধানে তোমার করণীয় পদক্ষেপ কী হতে পারে বলে তুমি মনে করো। তোমার মতামত দাও। ৪

Teachingbd.com

৯.▶ পপি দেশের উপকূলীয় এলাকার বাসিন্দা। আশ্বিন মাসের এক বিকেলে রেডিওতে সে ঘূর্ণিঝড়ের পূর্বাভাস শুনতে পায়। কিছুক্ষণ পরেই তার এলাকার লোকজনকে নিরাপদ স্থানে সরে যেতে মাইকিং করা হয়।

ক. ভূমিকম্প কী ধরনের দুর্যোগ? ১

খ. দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের উল্লেখিত পদক্ষেপ গুলো দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের কোনটির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত দুর্যোগ পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? যুক্তিসহকারে তোমার মতামত উপস্থাপন করো। ৪

১০.▶ হামিদ সাহেব বাংলাদেশের অর্থকরী ফসলের তালিকা প্রণয়ন করে পাটকে ১ম পর্যায়ে, ইক্ষুকে ২য় পর্যায়ে এবং চা কে ৩য় পর্যায়ে স্থান দিয়েছেন।

ক. শক্তির অন্যতম উৎস কোনটি? ১

খ. অর্থকরী ফসল বলতে কী বুঝায়? ২

গ. হামিদ সাহেব যে অর্থকরী ফসলকে ১ম পর্যায়ে স্থান দিয়েছেন তার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত ২য় ও ৩য় পর্যায়ের অর্থকরী ফসলের মধ্যে বাংলাদেশের অর্থনীতিতে কোনটির অবদান উল্লেখযোগ্য? ব্যাখ্যা করো। ৪

১১.▶




চিত্র : বাংলাদেশের মানচিত্র

ক. বুড়িগঙ্গা কোন নদীর শাখা নদী? ১

খ. বাংলাদেশের জলবায়ু ক্রান্তীয় মৌসুমী জলবায়ু নামে পরিচিত কেন? ২

গ. মানচিত্রে 'ক' চিহ্নিত নদীটির গতিপথ বর্ণনা করো। ৩

ঘ. বৈদেশিক বাণিজ্যে চিত্রে নির্দেশিত 'খ' চিহ্নিত নদীটির অবদান মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড: | ১ | ১ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. অনুর্বর মাটিতে কী ধরনের বসতি গড়ে ওঠে?**
ⓚ বিক্ষিপ্ত ⓚh পুঞ্জিভূত
ⓖ ছড়ানো ⓖh বিচ্ছিন্ন

**২. লালমাই পাহাড় কোন জেলায় অবস্থিত?**
ⓚ গাজীপুর ⓚh টাঙ্গাইল
ⓖ ময়মনসিংহ ⓖh কুমিল্লা

**৩. ভারত মহাসাগরে কত সালে সুনামি হয়?**
ⓚ ২০০১ ⓚh ২০০২
ⓖ ২০০৩ ⓖh ২০০৪

**৪. কোন অঞ্চলে উষ্ণ স্রোত দেখা যায়?**
ⓚ নিরক্ষীয় ⓚh উঃ মেরু
ⓖ দঃ মেরু ⓖh ৬৫° অক্ষাংশ

**৫. কৃষিখাতে নিয়োজিত শ্রমিক কত শতাংশ?**
ⓚ ৪৩.৬ ⓚh ৪৬.৩
ⓖ ৪৭.৩০ ⓖh ৪৯.৪

**৬. রাজশাহী ও খুলনা বিভাগে ব্রডগেজ কত কি.মি.?**
ⓚ ৩৭৫ ⓚh ৬৫৯
ⓖ ১,৮০১ ⓖh ১২,৪২০

**৭. গ্রিন হাউস প্রতিক্রিয়ার ফলে বাংলাদেশের কোন জেলা জলমগ্ন হবে?**
ⓚ নোয়াখালি ⓚh ফেনী
ⓖ মাদারিপুর ⓖh গোপালগঞ্জ

**৮. সামাজিক অগ্রগতির জন্য কোনটির দ্রুত উন্নয়ন অপরিহার্য?**
ⓚ শিল্পখাত ⓚh কৃষিখাত
ⓖ সেবাখাত ⓖh সামাজিক

**৯. কত সালে প্রথম সার কারখানা স্থাপিত হয়?**
ⓚ ১৯৩৫ ⓚh ১৯৫১
ⓖ ১৯৫৩ ⓖh ১৯৮৬

**১০. বিশ্বের পানি সরবরাহের সর্ববৃহৎ আধার কী?**
ⓚ সমুদ্র ⓚh হ্রদ
ⓖ ঝর্ণা ⓖh নদী

**১১. অর্থনৈতিক কার্যাবলি কয় পর্যায়ে বিভক্ত?**
ⓚ ২ ⓚh ৩
ⓖ ৪ ⓖh ৫

**১২. বাংলাদেশের রপ্তানি পণ্য কোনটি?**
ⓚ ভোজ্যতেল ⓚh পোশাক
ⓖ পেট্রোলিয়াম ⓖh ইলেকট্রনিক্স যন্ত্রপাতি

**১৩. ভূপ্রকৃতির প্রভাব কোনগুলোর উপর বিদ্যমান?**
i. কৃষি ii. পরিবহন
iii. বাণিজ্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh ii ও iii
ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**১৪. প্লাবন সমভূমির বৈশিষ্ট্য হলো—**
i. টিলার পাদদেশ
ii. বিস্তীর্ণ সমভূমি
iii. বিলের অবস্থান
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৫. বাংলাদেশে নদী ভরাটের কারণ—**
i. পলি মিশ্রিত মাটির অবক্ষেপণ
ii. নদীর উজানে বনভূমি ধ্বংস
iii. নদীর ধারে পরিকল্পিত বাঁধ নির্মাণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৬. বাংলাদেশে পাট শিল্প গড়ে ওঠার কারণ—**
i. কাঁচামালের সহজলভ্যতা
ii. দক্ষ শ্রমিক
iii. উৎকৃষ্ট পাট চাষ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৭. ইক্ষু উৎপাদনের জন্য যে ধরনের মৃত্তিকার প্রয়োজন—**
i. বেলে দোঁআশ ii. কর্দমাক্ত দোঁআশ
iii. জৈব পদার্থ মিশ্রিত দোঁআশ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৮. দক্ষিণাঞ্চলে জলপথ প্রধান কারণ—**
i. নদীবহুল ii. বন্যা কবলিত হয়
iii. কঠিন মৃত্তিকার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

http://teachingbd.com

১৯. **কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়ক—**
i. সার প্রয়োগ
ii. একই জমি অধিক ব্যবহার
iii. কীটনাশক ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. **বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশে বন্যার কারণ—**
i. বিপুল বনভূমি বৃদ্ধি
ii. ভৌগোলিক অবস্থান iii. জলবায়ু পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii


২১. **দুর্যোগ ব্যবস্থাপনার উদ্দেশ্য হলো—**
i. ক্ষতির পরিমাণ হ্রাস করা
ii. ত্রাণ ও পুনর্বাসন নিশ্চিত করা
iii. পুনরুদ্ধার কাজ ভালোভাবে সম্পন্ন করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. **জামিল সাহেবের বসবাসকৃত এলাকা কিছু ঢালু ও বৃষ্টিবহুল। জামিল সাহেব কোন ফসলটি উৎপাদন করবেন?**
ক) ধান খ) পাট
গ) চা ঘ) ইক্ষু

মোস্তফা বাংলাদেশের একটি জেলায় কৃষিকাজ করে। তার এলাকায় গড়ে বার্ষিক ২৫০ সে.মি. বৃষ্টিপাত হয়।

২৩. **মোস্তফা কোন ধরনের ফসল উৎপাদন করে?**
ক) পাট খ) গম
গ) ইক্ষু ঘ) তামাক

**নিচের চিত্রটি লক্ষ করো ও ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও:**




২৪. **চিত্রের 'ক' চিহ্নিত রেখাটির মান কত ডিগ্রি?**
ক) ০ খ) ২৩.৫
গ) ৬৬.৫ ঘ) ৯০

২৫. **ক, খ ও গ রেখাকে একত্রে কী বলে?**
ক) অক্ষরেখা খ) সমাক্ষরেখা
গ) দ্রাঘিমারেখা ঘ) নিরক্ষরেখা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও:**
শফিক একদিন পত্রিকা পড়তে গিয়ে দেখল, প্রথম আলো পত্রিকার শিরোনাম ছিল 'পাহাড়ের কান্না'। পরে বিস্তারিত জানালো যে, আগের দিন রাতে বৃষ্টিতে মাটি চাপা পড়ে পাহাড়ের পাদদেশের অনেক লোক মারা যায়।

২৬. **শফিক যে ঘটনা পড়লো তা কী?**
ক) ভূমিধস খ) ভূমিকম্প
গ) নদী ভাঙ্গন ঘ) ঘূর্ণিঝড়

২৭. **উদ্দীপকের ঘটনাটি রোধে করণীয় হলো—**
i. পাহাড় কাটা বন্ধ করা
ii. পতিত ও প্রান্তিক জমিতে বৃক্ষরোপণ
iii. পাহাড়ের পাদদেশে বসতি না গড়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) ii ও iii ঘ) i ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**
রাশিদা দরিদ্র পরিবারের মেয়ে। অভাবের তাড়নায় সে ঢাকায় এসে একটি শিল্প কারখানায় কাজ করে। মাস শেষে সামান্য অর্থ তার পরিবারের জন্য পাঠায়। এতে তার পরিবারের সদস্যরা মোটামুটি খেয়ে পড়ে বাঁচতে পারছে।

২৮. **রাশিদার কর্মস্থল হলো—**
ক) সার শিল্প খ) কাগজ শিল্প
গ) পাট শিল্প ঘ) পোশাক শিল্প

২৯. **উক্ত শিল্পটি হলো—**
i. রপ্তানিমুখী শিল্প
ii. বিলিয়ন ডলার শিল্প
iii. শ্রমবিমুখ ও মুনাফা অর্জন শিল্প
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

৩০. **বাংলাদেশে কত জাতের সরীসৃপ আছে?**
ক) ১৯ খ) ১১৯
গ) ১২৪ ঘ) ৫৭৮

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ |

http://teachingbd.com